



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

১০১৪/নিউ সিডি এভিনিউ, মুরাদপুর, পাচলাইশ, চট্টগ্রাম



মোঃ মুজিবুর রহমান

স্মারক নং-চশিমো/ক-শা/রেজি: বিজ্ঞপ্তি/৭২০০।৩০০।

তারিখ: ১১/০৫/২০২২খ্রি:

২০২০-২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড বিতরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর আওতাধীন সকল কলেজ/স্কুল এন্ড কলেজ এর সম্মানিত অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধানদের জানানো যাচ্ছে, যে সকল প্রতিষ্ঠান এখনও ২০২০-২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করেন তাদের রেজি: কার্ড নিম্নোক্ত তারিখ ও সময়সূচী অনুযায়ী স্বাস্থ্যবিধি মেলে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম এর কলেজ শাখা হতে বিতরণ করা হবে। সংশ্লিষ্ট সকল কলেজের অধ্যক্ষ অথবা তাঁর প্রাধিকারপ্রাপ্ত প্রতিনিধিকে (প্রাধিকারপত্র সহকারে) অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণপূর্বক রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করার জন্য অনুরোধ করা হল।

- ১। রেজিস্ট্রেশন কার্ড গ্রহণ করার সময় সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত সর্বশেষ স্বীকৃতি নবায়ন/স্বীকৃতি/পাঠ্যদানের অনুমতিপত্র, হালনাগাদ গভর্ণিং বডি/কমিটি এর কাগজ (প্রযোজ্ঞ ক্ষেত্রে) ও ব্যানবেইস কর্তৃক প্রদত্ত EIIN সনদের কপি এবং ক্রীড়া মঞ্জুরী ফি ২০০/- টাকা (প্রতি কলেজ) জমার রশিদ দাখিল করতে হবে। একাদশ শ্রেণিতে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের e-SIF এর হার্ডকপি (অনলাইন ও ম্যানুয়ালসহ) একসেট কলেজে সংরক্ষণ করতে হবে।
- ২। রেজিস্ট্রেশন কার্ড বিতরনের পূর্বে সংশ্লিষ্ট শিক্ষার্থীর এসএসসির মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট সংশ্লিষ্ট কলেজের সংরক্ষিত আছে কিনা তা নির্ণয় করতে হবে। সংরক্ষিত না থাকলে শিক্ষার্থীকে রেজিস্ট্রেশন কার্ড বিতরণ করা যাবে না। অন্যথায় প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।
- ৩। উম্মুক্ত বিশ্ববিদ্যালয় ও কারিগরী শিক্ষাবোর্ড হতে এসএসসি পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ২০২০-২১ শিক্ষাবর্ষে উচ্চ মাধ্যমিক শ্রেণিতে যে সকল শিক্ষার্থী ভর্তি হয়েছে সে সকল শিক্ষার্থীদের মূল নম্বরফর্ড ও অন্যান্য কাগজপত্র রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের সময় বোর্ডে প্রদর্শন করে ফেরত নিয়ে কলেজে সংরক্ষণ করতে হবে এবং এক সেট ফটোকপি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) বোর্ডের কলেজ শাখায় জমা দিতে হবে।
- ৪। যে সকল শিক্ষার্থী বোর্ড পরিবর্তনের মাধ্যমে অত্রবোর্ডের আওতাধীন কলেজে ভর্তি হয়েছে তাদের বোর্ড পরিবর্তনের আদেশের কপি তথ্য ও পূর্ববর্তী শিক্ষাবোর্ডের এইচএসসি মূল রেজিস্ট্রেশন কার্ড কলেজ শাখায় জমা দিয়ে অত্রবোর্ডের নতুন রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করতে হবে।
- ৫। বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে যারা এসএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ঢাকা শিক্ষা বোর্ড কর্তৃক প্রদত্ত এসএসসি সমমান/সমতুল্য মূল সার্টিফিকেট নিয়ে ২০২০-২১ শিক্ষাবর্ষে অত্রবোর্ডের অধীন শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হয়েছে তাদের সমমান/সমতুল্য মূল সার্টিফিকেট অত্র বোর্ডে রেজিস্ট্রেশন কার্ড গ্রহণের সময় প্রদর্শন পূর্বক ফেরত নিয়ে শিক্ষা প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে এবং এক সেট ফটোকপি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) কলেজ শাখায় জমা দিতে হবে।
- ৬। শিক্ষার্থীদের নিকট রেজিস্ট্রেশন কার্ড বিতরণ করার পূর্বে NCTB কর্তৃক প্রণীত বিষয় কাঠামোর আলোকে শিক্ষার্থীদের রেজি: কার্ডে সংশ্লিষ্ট কলেজের অনুমোদিত বিষয়সমূহ eSIF এবং পঠিত বিষয়ের সাথে মিল আছে কিনা যাচাই পূর্বক কলেজ কর্তৃপক্ষকে নির্ণয় করতে হবে। কোন গরমিল পরিলক্ষিত হলে প্রমাণপত্র ও প্রযোজ্য ক্ষেত্রে ফি দাখিল করে অত্রবোর্ডের কলেজ শাখায় উত্তোলন করিয়ে নিতে হবে।
- ৭। যে সকল শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল করা হয়েছে তাদের রেজিস্ট্রেশন কার্ড বিতরণ না করে বোর্ডে ফেরত দিতে হবে।
- ৮। যে সকল শিক্ষার্থীর এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশের পর আবেদনের প্রেক্ষিতে বোর্ড কর্তৃক নাম সংশোধন করা হয়েছে তাদের আগামী ১৫/০৬/২০২২ তারিখের মধ্যে এইচএসসি রেজিস্ট্রেশন কার্ড সংশোধনের জন্য প্রযোজ্য ফি, এসএসসি নাম সংশোধনের আদেশের কপি, সংশোধিত এসএসসি রেজি: কার্ডের ফটোকপি ও এইচএসসি মূল রেজিস্ট্রেশন কার্ড কলেজ শাখায় জমা দিয়ে সংশোধিত রেজিস্ট্রেশন কার্ড (এইচএসসি) সংগ্রহ করতে হবে। অন্যথায় এসএসসির মূল তথ্য অনুসারে রেজি: কার্ডে ভুল থেকে যাবে।

রেজিস্ট্রেশন কার্ড বিতরণের সময়সূচী :

ক্রমিক	জেলার নাম	গ্রহণের সময়
১	চট্টগ্রাম উত্তর জেলা রাঙ্গামাটি, বান্দরবান ও খাগড়াছড়ি পার্বত্য জেলা	১৭/০৫/২০২২
২	চট্টগ্রাম দক্ষিণ জেলা ও কক্সবাজার	১৮/০৫/২০২২
৩	চট্টগ্রাম মহানগর	১৯/০৫/২০২২

বিঃ স্রুঃ- শিক্ষার্থীদের অবগতির জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানপ্রধানগণ বিজ্ঞপ্তি প্রচার এবং রেজিস্ট্রেশন কার্ড বোর্ড থেকে সংগ্রহ করার ১ (এক) সপ্তাহের মধ্যে শিক্ষার্থীদের মধ্যে বিতরণ করার অনুরোধ করা হল এবং শিক্ষার্থীরা যেন রেজি: কার্ডের সকল তথ্য যাচাই করে দেখে তাঁর জন্য শিক্ষার্থীদের নির্দেশনা দেয়ার জন্য অনুরোধ করা হল।

(প্রফেসর মোঃ জাহেদুল হক)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, চট্টগ্রাম।

ই-মেইল- ic@bise-cse.gov.bd

প্রাপক : অধ্যক্ষ / প্রতিষ্ঠান প্রধান

অত্রবোর্ডের আওতাধীন সংশ্লিষ্ট কলেজ/স্কুল এন্ড কলেজ।

১১/০৫/২০২২